ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

যশোর জেলার বিভিন্ন সরকারি-বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবা সম্পর্কিত সমন্বিত...

তথ্য পত্র

দুর্নীতি
থামান
....এখনই

প্রকাশনায় ঃ সচেতন নাগরিক কমিটি (সনাক), যশোর

তথ্যই শক্তি!

সরকারি-বেসরকারি সেবা সম্পর্কে বিনামূল্যে জানার জন্য

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

তথ্য ও পরামর্শ ডেস্ক এ আসুন

দুর্নীতি থামান
....এখনই

এখানে যেসব বিষয়ে তথ্য পাওয়া যাবে

জমি ক্রয়-বিক্রয়ের নিয়মকানুন
পুলিশ ও মামলা-মোকদ্দমা, নারী নির্যাতন
প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্যসেবা
বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস সংযোগের নিয়মাকানুন।

সচেতন নাগরিক কমিটি (সনাক)

২/ক, উষাকিরণ, লালদীঘির পাড়, যোগেন বাবু রোড, যশোর।
ফোন : ০৪২১-৫১৩৭০, মোবা : ০১৭৩০-০৯৫৯২১

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

যশোর জেলার বিভিন্ন সরকারি-বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের সেবা সম্পর্কিত সমন্বিত...

তথ্য পত্র

দুর্নীতি
থামান
....এখনই

প্রকাশনায় ঃ সচেতন নাগরিক কমিটি (সনাক), যশোর

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

মূল পরিকল্পনা ও সম্পাদনা:
প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান, আহ্বায়ক, সনাক-যশোর

সহযোগী সম্পাদক:
মোঃ ফিরোজ উদ্দীন, এরিয়া ম্যানেজার, টিআইবি, যশোর

বিশেষ কৃতজ্ঞতা:
মোহাম্মদ হোসেন, সহকারী রিসার্চ ফেলো, টিআইবি

তথ্য সংগ্রহ:
আমিন উল্লাহ্, প্রোগ্রাম এ্যাসোসিয়েট, টিআইটি, যশোর
সুজয় ঘোষ, অফিস সহকারী, টিআইবি, যশোর
একেএম রাশেদুল ইসলাম, ইয়েস সদস্য, সনাক-যশোর

সার্বিক সহযোগিতায়:
যুগ্ম-আহ্বায়ক- আবু সালেহ তোতা ও এ্যাড. সৈয়দা মাসুমা বেগম, সদস্যবৃন্দ- শেখ গোলাম ফারুক, এম আর খায়রুল উমাম, হাবীবা শেফা, সুকুমার দাস, সাইফুজ্জামান মজু, মবিনুল ইসলাম মবিন, ডাঃ আমির হোসেন, অধ্যক্ষ পাভেল চৌধুরী, সুরাইয়া শরীফ, এ্যাড. মোয়াজ্জেম হোসেন চৌধুরী, প্রশান্ত দেবনাথ, মাসুদুল আলম ও তৌহিদুর রহমান এবং সকল ইয়েস সদস্য, সনাক, যশোর।

কৃতজ্ঞতা স্বীকার:
যশোর পৌরসভা, জেলা ই-সেবা কেন্দ্র, জেলা পরিষদ, কোতওয়ালী মডেল থানা, সমাজ সেবা অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, মহিলা অধিদপ্তর, জেলা তথ্য অফিস, উপজেলা ভূমি অফিস, পরিবার পরিকল্পনা, জেলা লিগ্যাল এইড, জেনারেল হাসপাতাল, জেলা প্রাথমিক শিক্ষা, ফতেপুর ইউনিয়ন, পাসপোর্ট অফিস, আঞ্জুমান মফিদুল ইসলাম, ব্লাস্ট, মহিলা পরিষদ, রাইটস ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, যশোর।

পরামর্শক্রমে:
সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, প্রধান কার্যালয়, টিআইবি, ঢাকা

কপিরাইট:
সচেতন নাগরিক কমিটি (সনাক)-যশোর
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

প্রথম সংস্করণ: ২৮ সেপ্টেম্বর, ২০১০

দ্বিতীয় সংস্করণ: ২৮ সেপ্টেম্বর, ২০১১

কম্পিউটার কম্পোজ ও ডিজাইন:
স্যানরীপ গ্রাফিক্স, গাড়ীখানা, যশোর

মুদ্রণ:
ইমরান প্রিন্টিং প্রেস, যশোর।

সম্পাদকীয়

(প্রথম সংস্করণ)

মানব কল্যাণে নিঃস্বার্থভাবে কাজ করে যাওয়াকে সেবা বলা হয়। তথ্য দিয়েও মানুষকে সেবা করা যায়। তথ্যসেবা মানবকল্যাণে অপরিসীম ভূমিকা পালন করতে পারে।

বাংলাদেশের বেশকিছু সরকারি ও বেসরকারি সংস্থা মানবসেবায় নিবেদিত রয়েছে। তাদের পরিচিতি ও সেবাপ্রকৃতির একটি সংক্ষিপ্ত চিত্র এই তথ্যপত্রে তুলে ধরা হয়েছে। যাতে সেবার গ্রহীতারা প্রয়োজনীয় বিষয় সম্পর্কে অবহিত হতে পারেন। আশা করা যায়, তথ্যপত্রটি সেবাদাতা ও গ্রহীতা উভয়ের জন্য সহায়ক এবং কল্যাণকর হতে পারবে। কারণ সেবার আগে তথ্যসেবা অত্যন্ত জরুরি।

আঠারোটি সেবা সংস্থা আমাদের যে সহযোগিতা প্রদান করেছে তা অবিস্মরণীয়। সংস্থাগুলির সংশ্লিষ্ট কর্মকর্তারা লিখিতভাবে আমাদেরকে তথ্য সরবরাহ করেছেন। তথ্যগুলি সংকলন করার পর তারা পুনরায় প্রয়োজনীয় সংশোধন ও সংযোজন করে দিয়েছেন। তাদের অব্যাহত পরিশ্রম ও সক্রিয় সহায়তা আমাদের মুগ্ধ করেছে।

এই তথ্যসেবাসমূহ কেবল যশোর জেলায় নয়, সারা বাংলাদেশের জন্য প্রযোজ্য হবে।

আনন্দের সাথে জানাচ্ছি যে, জেলা প্রশাসন থেকে প্রাপ্ত লিফলেটের ভিত্তিতে ডিজিটাল জেলার (যশোর) ই-সেবা বিষয়ক তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে।

সনাক সদস্যবৃন্দ নানাভাবে বুদ্ধি পরামর্শ দিয়েছেন। ইয়েস সদস্যরা প্রয়োজনীয় ক্ষেত্রে শ্রম দিয়েছেন। বিশেষ করে মোহাম্মদ হোসেন, সহকারী রিসার্চ ফেলো, এরিয়া ম্যানেজার ফিরোজ উদ্দিন, প্রোগ্রাম সহযোগী আমিন উল্লাহ, অফিস সহকারী সুজয় ঘোষ অক্লান্ত শ্রমসেবা দিয়েছেন। এজন্য সংশ্লিষ্ট সবাইকে জানাই অসংখ্য ধন্যবাদ।

দেশের সাধারণ মানুষকে তথ্যসেবা দেয়ার এই সুযোগ পেয়ে আমরা সকলেই ধন্য।

সবশেষে এই তথ্যপত্রের শুভেচ্ছা বাণী দেয়ার জন্য টিআইবি-এর নির্বাহী পরিচালক ডক্টর ইফতেখারুজ্জামানকে জানাই অসংখ্য ধান্যবাদ।

প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান
আহবায়ক
সচেতন নাগরিক কমিটি, যশোর

সম্পাদকীয়

(২য় সংস্করণ)

এই তথ্যপত্রটির প্রথম প্রকাশনার একবছর অতিক্রম করেছে। বর্তমান প্রকাশনাটি দ্বিতীয় সংস্করণ হিসেবে আত্মপ্রকাশ করলো। এটা অত্যন্ত আনন্দের এবং গৌরবের যে, তথ্যপত্রটির চাহিদা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।

বর্তমান সংস্করণে আরও তিনটি দপ্তর ও সংস্থার তথ্য সন্নিবেশিত হলো। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ মহিলা পরিষদ ও রাইটস যশোর।

আশা করা যায় এদের তথ্যসেবা সম্পর্কে দেশের সাধারণ মানুষ অবহিত হতে পারবে এবং প্রয়োজনীয় সেবা লাভ করে উপকৃত হবে।

যশোর সনাক ও ইয়েস সদস্যদেরকে সহযোগিতার জন্য অসংখ্য ধন্যবাদ।

টিআইবি-এর নির্বাহী পরিচালক ডক্টর ইফতেখারুজ্জামানকে জানাই অসংখ্য ধন্যবাদ। তাঁর আর্থিক আনুকূল্য ও অনুপ্রেরণা আমাদের কাছে স্মরণীয় হয়ে থাকবে।

বর্তমান সংস্করণটির ত্রুটিবিচ্যুতি ধরা পড়লে এবং নতুন কোন তথ্য পাওয়া গেলে পরবর্তী সংস্করণে অন্তর্ভুক্ত করা হবে। এক্ষেত্রে যে কোন সহযোগিতা সাদরে গৃহীত হবে।

প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান
আহবায়ক
সচেতন নাগরিক কমিটি
যশোর

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

শুভেচ্ছা বাণী (১ম সংস্করণ)

তথ্য প্রাপ্তির অধিকার মানুষের মৌলিক অধিকার। এই মৌলিক অধিকারকে নিশ্চিত করতে সরকার তথ্য অধিকার আইন ২০০৯ প্রণয়ন করেছে। অবাধ তথ্য প্রবাহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কাজের স্বচ্ছতা বৃদ্ধি করা সহ দুর্নীতি রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস। তথ্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে ২০০২ সালের এই দিনে বুলগেরিয়ার সোফিয়ায় পৃথিবীর বিভিন্ন দেশের তথ্য আন্দোলন কর্মীগণ একটি কর্মশালায় মিলিত হয়ে আন্তর্জাতিকভাবে এ দিবসটি পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। তখন থেকে প্রতি বছর পৃথিবীর বিভিন্ন দেশ গুরুত্বের সাথে দিবসটি উদ্‌যাপন করে আসছে।

আমাদের দেশের সাধারণ মানুষের অনেকেই সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান থেকে সেবা নিতে গিয়ে বিভিন্ন ধরনের হয়রানি ও দুর্নীতির শিকার হয়ে থাকেন। যার অন্যমত একটি কারণ হলো অধিকাংশই জানেন না সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে কিভাবে সেবা পাওয়া যাবে, কোন সেবার মূল্য কত বা কোন সেবা বিনামূল্যে প্রদান করা হয়, প্রয়োজনীয় সেবা না পেলে কার কাছে এবং কিভাবে অভিযোগ করতে হবে ইত্যাদি। আবার প্রতিষ্ঠান থেকেও সপ্রণোদিত হয়ে সাধারণ মানুষের কাছে তথ্য প্রকাশ করে না। এই প্রেক্ষাপটে যশোর সনাক কর্তৃক প্রকাশিত এই তথ্যপত্রটি সাধারণ মানুষের হয়রানি রোধে কার্যকর ভূমিকা রাখবে। পাশাপাশি তথ্য অধিকার আইন বাস্তবায়নেও একটি সহায়ক ভূমিকা রাখবে।

সচেতন নাগরিক কমিটি-যশোর এর প্রতিষ্ঠালগ্ন থেকেই কমিটির সদস্য, ইয়ুথ এনগেজমেন্ট এন্ড সাপোর্ট (ইয়েস) গ্রুপের সদস্যগণ দুর্নীতি প্রতিরোধ ও সাধারণ মানুষের তথ্যের উপর অধিকার প্রতিষ্ঠাকল্পে দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে তাদের পথ চলা অব্যাহত রেখেছে। তথ্য অধিকার প্রতিষ্ঠায় তারা নিয়মিতভাবে পরিচালনা করছে স্থায়ী ও ভ্রাম্যমাণ তথ্য ও পরামর্শ ডেস্ক আয়োজন করছে তথ্যমেলা ও সেমিনার-সমাবেশ। অবাধ তথ্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সনাক যশোর এই আন্দোলনের সাথে সম্পৃক্ত করেছে জেলা প্রশাসনসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানহসমূহকে। এই প্রেক্ষিতে কার্যকরভাবে তথ্য অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে সর্বস্তরের জনগণের অংশগ্রহণমূলক সামাজিক আন্দোলন আরো বেগবান করা অপরিহার্য।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষ্যে সনাক যশোর ও তাদের নেতৃত্বে পরিচালিত ইয়েস ও ইয়েস বন্ধু গ্রুপের সদস্যরা যশোর জেলার বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সেবার তথ্য সম্বলিত একটি সমন্বিত তথ্যপত্র প্রকাশের যে উদ্যোগ গ্রহণ করেছে তাকে আন্তরিকভাবে স্বাগত জানাই। এ ধরনের উদ্যোগ মানুষের তথ্য অধিকার প্রতিষ্ঠা, দুর্নীতি-বিরোধী সচেতনতা ও চাহিদাকে সুদৃঢ়তর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যশোর সনাক-এর আহ্বায়ক, যুগ্ম-আহ্বায়ক, সদস্য, ইয়েস ও ইয়েস বন্ধু গ্রুপের সকল সদস্যকে এই উদ্যোগ গ্রহণ করায় আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি ও তাদের দুর্নীতি বিরোধী আন্দোলনের সাফল্য কামনা করছি।

ড. ইফতেখারুজ্জামান
নির্বাহী পরিচালক
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

সূচি:

যশোর পৌরসভা	৭-৮
জেলা ই-সেবা কেন্দ্র	৯
যশোর জেলা পরিষদ	১০
কতোয়ালী মডেল থানা	১১-১২
সমাজ সেবা অধিদপ্তর	১৩
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	১৪-১৫
বাংলাদেশ কৃষি ব্যাংক	১৬-১৭
মহিলা অধিদপ্তর	১৮-১৯
জেলা তথ্য অফিস	২০
উপজেলা ভূমি অফিস	২১
পরিবার পরিকল্পনা	২২
জেলা লিগ্যাল এইড (ডিলাক)	২৩
যশোর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল	২৪-২৫
জেলা প্রাথমিক শিক্ষা	২৬
১২নং ফতেপুর ইউনিয়ন পরিষদ	২৭-২৮
পাসপোর্ট অফিস	২৯-৩০
আঞ্জুমান মুফিদুল ইসলাম	৩১
ব্লাস্ট	৩২
বাংলাদেশ মহিলা পরিষদ	৩৩
রাইটস	৩৪
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	৩৫

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

যশোর পৌরসভা

স্থাপিত-১৮৬৪ খ্রীঃ

প্রতিষ্ঠানের নাম	যশোর পৌরসভা
ঠিকানা	মুন্সি মেহেরুল্লাহ সড়ক, যশোর
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি সেবামূলক প্রতিষ্ঠান
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	জনকল্যাণমূলক কাজ করা

প্রতিষ্ঠানের সেবাসমূহ

সেবার ধরণ	সেবা মূল্য		
শহর পরিচ্ছন্নতা	হোল্ডিং ট্যাক্স এর সাথে আদায়যোগ্য		
সড়ক বাতি ব্যবস্থা	হোল্ডিং ট্যাক্স এর সাথে আদায়যোগ্য		
স্বাস্থ্য সেবা	বিনামূল্যে		
অবকাঠামো নির্মাণ	পৌর রাজস্ব তহবিল, এডিপি ও অন্যান্য প্রকল্প		
স্যানিটেশন	এডিপি ও অন্যান্য প্রকল্পের অর্থায়ন		
বৃক্ষ রোপণ	পৌর রাজস্ব তহবিল		
শিক্ষা কার্যক্রম	পৌর রাজস্ব তহবিল ও শিক্ষা মন্ত্রণালয়		
পানি সরবরাহ	একক	একতলার জন্য	একতলার উপরে প্রতি তলার জন্য
ক) আবাসিক সংযোগ প্রতি মাসে	১/২	১৩০/-	৪০/-
	৩/৪	১৭০/-	৬০/-
	১	৪০০/-	১৭৫/-
	১১/২	৬৫০/-	৪০০/-
খ) প্রতিষ্ঠানিক	১/২	২০০/-	৭৫/-
	৩/৪	২৫০/-	১০০/-
	১	৬৫০/-	৩০০/-
	১১/২	১৩৫০/-	১৩০০/-
গ) বাণিজ্যিক	১/২	৩৫০/-	১৫০/-
	৩/৪	৫৫০/-	২৫০/-
	১	৮৫০/-	৪০০/-
	১১/২	২০৫০/-	২০০০/-
শালিস ও বিচার	বিনামূল্যে		
মশক ও কুকুর নিধন	পৌর রাজস্ব তহবিল		
ত্রাণ বিতরণ	বিনামূল্যে		
পৌরকর নির্ধারণ ও কর আদায়	বাড়ির ধরণ অনুযায়ী		
জন্ম-মৃত্যু নিবন্ধন ও সনদ বিতরণ	১৮ বছরের নিচে (জন্ম)---বিনামূল্যে		
	১৮ বছরের উর্ধ্বে (জন্ম)---৫০/-		
	মৃত্যু নিবন্ধন ও সনদ --- বিনামূল্যে (৩০ দিনের মধ্যে) মৃত্যু নিবন্ধন ও সনদ ...৫০/- (৩০ দিনের উর্ধ্বে)		
	(সরকারী নির্দেশনা অনুযায়ী আদায়যোগ্য)		
নাগরিক সনদ ও চারিত্রিক সনদ	নাগরিক সনদ (বাংলা) --- ৩/-		
	চারিত্রিক সনদ (বাংলা) --- ৩/-		
	নাগরিক ও চারিত্রিক (ইংরেজী) ৫/-		

সেবার ধরণ	সেবা মূল্য
ওয়ারেশ সনদ প্রদান	প্রতিটি --------- ২৫/-
নকশা অনুমোদন	মডেল ট্যাক্স সিডিউল ২০০৩ এর নির্দেশনা অনুযায়ী
লাইসেন্স প্রদান	মডেল ট্যাক্স সিডিউল ২০০৩ এর নির্দেশনা অনুযায়ী
বিভিন্ন প্রত্যয়ন পত্র	প্রতিটি ---------- ১০/-
সাংস্কৃতিক কর্মকান্ড পরিচালনা	বিনামূল্যে
বস্তি উন্নয়ন	বিনামূল্যে এবং ক্ষেত্র বিশেষ প্রকল্পের শর্তানুযায়ী
এ.আর.ভি বিক্রয়	প্রতি কোর্স ---- ১০০/- (বর্তমান পৌরসভার সরবরাহ আনা বন্ধ আছে)

প্রতিষ্ঠান প্রধানের পদবী	মেয়র
সেবা পেতে করণীয়	নির্ধারিত বিষয়ে আবেদন করতে হবে
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	মেয়র, কাউন্সিলর ও সচিব ফোন: ০৪২১-৬৮৬৮১, ০৪২১-৬৩৪৬৯, ০৪২১-৬৩৪৭৪, ০৪২১-৬৩৮৯৯

জেলা ই-সেবা কেন্দ্র

প্রতিষ্ঠানের নাম	জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
ঠিকানা	কালেক্টর, যশোর
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	প্রশাসনিক সেবা প্রদান
প্রতিষ্ঠানের সেবাসমূহ	*জেলা ই-সেবা কেন্দ্রে কিভাবে আবেদন করবেন?* • ই-সেবা কেন্দ্রে এসে সরাসরি আদেনপত্র জমা দিন। • রেকর্ড রুম থেকে নকল পেতে চাইলে আবেদনপত্রের সাথে কোর্ট ফি জমা দিন। • আবেদন নম্বরসহ একটি প্রাপ্তিস্বীকার পত্র নিন। • নকল প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে প্রাপ্তিস্বীকার পত্রে কবে সেবা পাবেন তা উল্লেখ থাকবে। *ইন্টারনেটে কিভাবে আবেদন করবেন?* • জেলা তথ্য বাতায়ন www.dcjessore.gov.bd থেকে অনলাইনে আবেদন করুন অথবা, e-service@dcjessore.gov.bd ই-মেইল করলে আবেদন করার নিয়ম জানতে পারবেন। আবেদনপত্রে আপনার বা আপনার পরিচিতজনের মোবাইল নম্বর অথবা ই-মেইল উল্লেখ করুন • এ মোবাইল নম্বরে অথবা ই-মেইল এ আপনাকে আবেদন নম্বর পাঠানো হবে। • প্রাপ্ত আবেদন নম্বরটি সংরক্ষণ করুন। রেকর্ডরুম থেকে নকল পেতে চাইলে আবেদন নম্বরটি সাদা কাগজে লিখে কোর্ট ফিসহ সশরীরে অথবা ডাকযোগে ই-সেবা কেন্দ্রে পাঠান। *ডাকযোগে কিভাবে আবেদন করবেন?* • ডাকযোগে আবেদনপত্রের সাথে আপনার ঠিকানাসহ ডাকটিকিটযুক্ত ফিরতি খাম পাঠান। • রেকর্ডরুম অতিরিক্ত আরও একটি খাম পাঠালে ফিরতি ডাকে প্রাপ্তিস্বীকারপত্র আপনার ঠিকানায় পাঠানো হবে। • আবেদনপত্রে আপনার বা আপনার পরিচিতজনের মোবাইল নম্বর অথবা ই-মেইল উল্লেখ করুন • এ মোবাইল নম্বরে অথবা ই-মেইল আপনাকে আবেদন নম্বর পাঠানো হবে। *সেবা প্রাপ্তি স্বীকার অগ্রগতি কিভাবে জানবেন?* • প্রাপ্তিস্বীকার পত্রসহ নিজে আসুন বা অন্য কাউকে পাঠান। • ০৪২১-৬৫০৪৪ বা ০১৭১৫৩-১৭১৭৯৭, নম্বরে টেলিফোন করুন এবং আবেদন নম্বরটি দিন। • আবেদন নম্বরটি যেকোন মোবাইল থেকে ১৬৩৪৫ নম্বরে এসএমএস করুন।
প্রতিষ্ঠান প্রধানের পদবী	জেলা প্রশাসক
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	www.dcjessore.gov.bd, e-service@dcjessore.gov.bd, ফোন : ০৪২১-৬৫০৪৪, ০১৭১৫৩-১৭১৭৯৭

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

যশোর জেলা পরিষদ

প্রতিষ্ঠানের নাম	যশোর জেলা পরিষদ
ঠিকানা	মুজিব সড়ক, যশোর।
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি সেবামূলক
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	স্থানীয় সরকারের জনকল্যাণমূলক কার্যক্রম

প্রতিষ্ঠানের সেবাসমূহ

সেবার ধরণ	সেবা মূল্য
গরীব ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান	বিনামূল্যে
ক্রীড়া/সাংস্কৃতিক/জাতীয় কর্মসূচী পালন	
ধর্মীয় ও সাংস্কৃতিক কল্যাণমূলক খাতে অনুদান প্রদান	
রাস্তাঘাট/পুল/কালভার্ট/শিক্ষা প্রতিষ্ঠান/মসজিদ/মন্দির ইত্যাদি নির্মাণ ও মেরামত।	
দরিদ্র নিরসন ও নারী উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ	
জেলা পরিষদের ব্যবহারযোগ্য জমির ইজারা প্রদান ও ইজারা নবায়ন	
ঠিকাদারী লাইসেন্স প্রদান ও নবায়ন	
অডিটরিয়াম/পিকনিক সেড ভাড়া প্রদান	
ডাক বাংলোর সিট বরাদ্দ	

প্রতিষ্ঠান প্রধানের পদবী	নির্বাহী কর্মকর্তা
সেবা পেতে করণীয়	সংশ্লিষ্ট বিষয়ে আবেদন দাখিল
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	মোঃ মফিজুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, ফোন: ০১৭৫৮-৫৬৭৬০৬

ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

কতোয়ালী মডেল থানা

প্রতিষ্ঠানের নাম	কতোয়ালী মডেল থানা, যশোর
ঠিকানা	চৌরাস্তা, যশোর
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	জনগণকে আইনী ও প্রশাসনিক সহায়তা প্রদান

প্রতিষ্ঠানের সেবাসমূহ

১. বাংলাদেশ পুলিশ জনগণের সেবা প্রদানকারী একটি প্রতিষ্ঠান।

২. থানায় আগত সাহায্য প্রার্থীদের আগে আসা ব্যক্তিকে আগে সেবা প্রদান করা হবে।

৩. থানায় সাহায্য প্রার্থী সকল ব্যক্তিকে থানা পুলিশ সম্মান প্রদর্শন করবে এবং সম্মানসূচক সম্বোধন করবে।

৪. থানায় জিডি করতে আসা ব্যক্তির আবেদনকৃত বিষয়ে ডিউটি অফিসার সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে এবং আবেদনের ২য় কপিতে জিডি নম্বর, তারিখ এবং সংশ্লিষ্ট অফিসারের স্বাক্ষর ও সীলমোহরসহ তা আবেদনকারীকে প্রদান করতে হবে।

৫. থানায় মামলা করতে আসা ব্যক্তির মৌখিক/লিখিত বক্তব্য ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক এজাহারভুক্ত করতে হবে এবং আগত ব্যক্তিকে মামলার নম্বর, তারিখ ও ধারা এবং তদন্তকারী অফিসারের নাম ও পদবী অবহিত করবে। তদন্তকারী অফিসার এজাহারকারীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে তাঁকে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করবে এবং তদন্ত সমাপ্ত হলে তাঁকে ফলাফল লিখিতভাবে জানিয়ে দিবে।

৬. থানায় মামলা করতে আসা কোন ব্যক্তির মামলা ভারপ্রাপ্ত কর্মকর্তা/থানার ডিউটি অফিসার এন্ট্রি করতে অপারগতা প্রকাশ করলে তখন উক্ত বিষয়টির উপর প্রতিকার চেয়ে নিম্ন বর্ণিত নিয়মানুযায়ী আবেদন করবেন: (ক) মেট্রোপলিটন এলাকার সহকারী পুলিশ কমিশনার (জোন)/জেলায় সহকারী পুলিশ সুপার (সার্কেল) এর নিকট আবেদন করবেন। (খ) তিনি যদি উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ না করেন তা হলে উক্ত ব্যক্তি ডেপুটি পুলিশ কমিশনার/জেলা পুলিশ সুপারের নিকট আবেদন করবেন। (গ) অতঃপর তিনিও যদি উক্ত ব্যক্তির বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করেন তা হলে উক্ত ব্যক্তি সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/ডিআইজি'র নিকট আবেদন করবেন। (ঘ) তাঁরা কেউ উক্ত বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করলে মহাপুলিশ পরিদর্শকের নিকট উক্ত বিষয়ে প্রতিকার চেয়ে আবেদন করবেন।

৭. আহত ভিকটিমকে থানা হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে এবং এ বিষয়ে থানা সকল মেডিকেল সার্টিফিকেট সংগ্রহ করবে।

৮. শিশু/কিশোর অপরাধী সংক্রান্ত বিষয়ে শিশু আইন, ১৯৭৪এর বিধান অনুসরণ করা হবে এবং তাঁরা যাতে কোনভাবেই বয়স্ক অপরাধীর সংস্পর্শে না আসতে পারে তা নিশ্চিত করা হবে। এ জন্য দেশের সকল থানায় পর্যায়ক্রমে কিশোর হাজতখানার ব্যবস্থা করা হবে।

৯. মহিলা আসামী/ভিকটিমকে যথাসম্ভব মহিলা পুলিশের মাধ্যমে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

১০. দেশের কিছু সংখ্যক থানায় ওয়ানস্টপ ডেলিভারী সার্ভিস চালু করা হয়েছে। পর্যায়ক্রমে উক্ত ওয়ানস্টপ ডেলিভারী সার্ভিস সেন্টার দেশের সকল থানায় প্রবর্তন করা হবে।

১১. আহত/মানসিকভাবে বিপর্যস্ত ভিকটিমকে সার্বিক সহযোগিতার জন্য দেশের সকল থানায় পর্যায়ক্রমে ভিকটিম সাপোর্ট ইউনিট চালু করা হবে।

১২. পাসপোর্ট/ভেরিফিকেশন/আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ইত্যাদি বিষয়ে সকল অনুসন্ধান প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে তদন্ত সম্পন্ন করে থানা হতে সংশ্লিষ্ট ইউনিটে প্রতিবেদন প্রেরণ করা হবে।

১৩. থানা হতে বর্ণিত আইনগত সহযোগিতা না পাওয়া গেলে বা কোন পুলিশ সদস্যের বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর অভিযোগ দাখিল করা যাবে। সেইক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষ: ক) লিখিত অভিযোগ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে কার্যকর আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন এবং তা অভিযোগকারীকে অবহিত করবেন। খ) ব্যক্তিগতভাবে হাজির হওয়া ব্যক্তির বক্তব্য মনোযোগ সহকারে শুনবেন, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং তা অভিযোগকারীকে জানাবেন। গ) টেলিফোনে প্রাপ্ত সংবাদের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪. সকল থানায় মেট্রোপলিটন এলাকার জন্য কমিশনার, অতিরিক্ত কমিশনার, সংশ্লিষ্ট জয়েন্ট কমিশনার, ডিসি, এডিসি এবং জোনাল এসি এবং জেলার জন্য পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার, এএসপি (হেডকোয়ার্টার্স), সংশ্লিষ্ট সার্কেল এএসপি এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার টেলিফোন নম্বর থানায় প্রকাশ্য স্থানে প্রদর্শিত হবে।

১৫. মেট্রোপলিটন ও জেলায় কর্তব্যরত সকল পর্যায়ের অফিসারগণ প্রতি কার্যদিবসে নির্ধারিত সময়ে সকল সাহায্যপ্রার্থীকে সাহায্য প্রদান করবে।

১৬. থানার পুলিশ সদস্যগণ কমিউনিটির সাথে নিরবচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করবেন এবং কমিউনিটি ওরিয়েন্টেড পুলিশ সার্ভিস চালু করবেন।

১৭. উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাগণ নিয়মিত কম্যুনিটির সহিত অপরাধ দমনমূলক/জনসংযোগমূলক সভা করবেন এবং সামাজিক সমস্যাসমূহের আইনগত সমাধানের প্রয়াস চালাবেন।

১৮. বি.দেশে চাকুরী/উচ্চ শিক্ষার জন্য গমনেচ্ছু প্রার্থীদের পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করবে।

১৯. ব্যাংক হতে কোন প্রতিষ্ঠান অধিক পরিমাণ টাকা উত্তোলন করলে উক্ত টাকা নিরাপদে নেওয়ার জন্য চাহিদা অনুযায়ী পুলিশ এস্কর্টের ব্যবস্থা করা হবে।

২০. মেট্রোপলিটন শহর/জেলা শহরে যানবাহন নিয়ন্ত্রণে ট্রাফিক বিভাগ, ট্রাফিক সংশ্লিষ্ট কি কি সেবা প্রদান করছে তা প্রকাশ্য স্থানে প্রদর্শিত হবে।

প্রতিষ্ঠান প্রধানের পদবী	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (OC)
সেবা পেতে করণীয়	লিখিত বা মৌখিক অভিযোগ প্রদান
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (OC) ফোন : ০১৭১৩৩৭৪১৬১

সমাজ সেবা অধিদপ্তর

প্রতিষ্ঠানের নাম	সমাজ সেবা অধিদপ্তর
ঠিকানা	মেইন রোড, যশোর।
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, প্রতিবন্ধী ভাতা, ঋণ প্রদান (সুদ মুক্ত), শিক্ষা উপবৃত্তি, কিশোর উন্নয়ন, বিধবা ও স্বামী পরিত্যাক্তাদের সহযোগিতা।

প্রতিষ্ঠানের সেবাসমূহ

সেবার ধরণ	সেবা মূল্য
সরকারি শিশু অধিকার রক্ষা	বিনামূল্যে
কিশোর উন্নয়ন কেন্দ্র প্রভিশন কার্যক্রম	বিনামূল্যে
হাসপাতাল সমাজ সেবা	বিনামূল্যে
সমন্বিত অন্ধ শিক্ষা প্রকল্প	বিনামূল্যে
বেসরকারি নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবক প্রতিষ্ঠান	নিবন্ধন ফি ২০০০/-
সুদমুক্ত ঋণ প্রদান	বিনামূল্যে
বয়স্ক ভাতা	বিনামূল্যে
মুক্তিযোদ্ধা ভাতা	বিনামূল্যে
শিক্ষা ও উপবৃত্তি প্রদান, প্রতিবন্ধী ভাতা কার্যক্রম	বিনামূল্যে
বিধবা ভাতা	বিনামূল্যে
ডিভিশনাল বেবী হোম	বিনামূল্যে
ডিভিশনাল সামাজিক প্রতিবন্ধী কেন্দ্র	বিনামূল্যে
ডিভিশনাল সেইম হোম	বিনামূল্যে
ডিভিশনাল শান্তি নিবাস	বিনামূল্যে
ডিভিশনাল প্রতিবন্ধী প্রশিক্ষণ পুনর্বাসন কেন্দ্র	বিনামূল্যে

প্রতিষ্ঠান প্রধানের পদবী	উপ-পরিচালক
সেবা পেতে করণীয়	নির্ধারিত বিষয়ে আবেদন করতে হবে
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	উপ-পরিচালক, সমাজ সেবা কার্যালয়, যশোর। ফোন: ০৪২১-৬৫৫৪১

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

প্রতিষ্ঠানের নাম	উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঠিকানা	রেল রোড, যশোর।
প্রতিষ্ঠানের ধরণ	কৃষিমন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা কার্যালয়
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	• সকল শ্রেণীর কৃষকদের চাহিদা ভিত্তিক সেবা প্রদান • কৃষি গবেষণা চাহিদা নিরূপণ এবং উদ্ভাবিত প্রযুক্তি চাষিদের দোর গোড়ায় পৌছানো, জনপ্রিয়করণ ও প্রয়োজনীয় সহায়তা করা। • কৃষি সম্প্রসারণ কর্মী ও কৃষকের দক্ষতা উন্নয়ন। • কৃষি ভিত্তিক বাণিজ্য সম্প্রসারণ সহায়তা প্রদান। • কৃষি তথ্য প্রযুক্তি উন্নয়ন ও সহজ ব্যবহারে কৃষকদের সহায়তা প্রদান। • উৎপাদন সমস্যাদি চিহ্নিতকরণ ও সমাধানে সংশ্লিষ্ট সংস্থার সমন্বিত কার্যক্রম গ্রহণ। • কৃষি উপকরণের চাহিদা নিরূপণ, প্রাপ্যতা ও সুষম ব্যবহার নিশ্চিতকরণ। • নারীকে কৃষির মূলস্রোতে সম্পৃক্তকরণ ও নারীর ক্ষমতায়নে সহায়তা করা। • দুর্যোগ ব্যবস্থাপনা, কৃষি পুনর্বাসন ও কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষকদের সহায়তা দান। • কৃষি পণ্য ও উপকরণের মান নিয়ন্ত্রণ। • সমন্বিতভাবে পরিবেশ বান্ধব কৃষি প্রযুক্তি সম্প্রসারণ। • সব শ্রেণীর কৃষকদের সাথে কাজ করা।
জেলা অফিসের কার্যক্রমসমূহ	*কারিগরি কার্যক্রম:* • উপজেলা পরিকল্পনা সমূহ কারিগরি দিক দিয়ে উন্নত মান সম্পন্ন নিশ্চিত করার জন্য পরিকল্পনাগুলো পর্যালোচনা ও পরীক্ষা করে দেখা। • জেলা সম্প্রসারণ পরিকল্পনা তৈরী করা। • উপজেলা অফিসারদের কার্যকর প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ সামগ্রী প্রস্তুত করা। • মাঠ পর্যায়ের পরীক্ষা ও নতুন প্রযুক্তি বিষয়ে তথ্য আদান প্রদান নিশ্চিত করার জন্য গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সরাসরি যোগাযোগ করা। • মাঠ পর্যায়ে কর্মকর্তা এবং কারিগরি উইং এর পরিচালকদের মধ্যে মূল সংযোগ রক্ষা করা এবং তাদেরকে তথ্য প্রদান করা ও মাঠে ব্যবহারের জন্য সম্প্রসারণ পদ্ধতি ও বার্তা সংগ্রহ করা। *প্রশাসনিক/ব্যবস্থাপনা দায়িত্ব:* • মৌসুমী কর্মকান্ড বার্ষিক সম্প্রসারণ কর্মসূচি পরিচালনা। • সকল উপজেলা পরিকল্পনার বাস্তবায়ন তদারকি করা। • সকল স্টাফদের প্রশিক্ষণ চাহিদা নিরূপন তদারক করা এবং জেলা পর্যায়ের জন্য প্রশিক্ষণ প্রস্তাব তৈরী। • উপজেলা পর্যায়ের প্রশিক্ষণে সহায়তা প্রদান করা। • উপজেলা কৃষি কর্মকর্তাদের মাসিক সভার ব্যবস্থা করা এবং সমস্যার

জেলা অফিসের কার্যক্রমসমূহ	• জেলা স্টাফ ও উপজেলা অফিসারদের জন্য একটি প্রশিক্ষণ রেকর্ড সংরক্ষণ করা। • প্রশিক্ষণ উইং এর নির্দেশ মত স্টাফদের জেলার বাইরে ট্রেনিং এ যাওয়ার অনুমতি প্রদান করা। • জেলার মধ্যে ডিএই এনজিও অংশীদারিত্বমূলক কর্মকান্ড পরিবীক্ষণ করা এবং উপজেলা ও জেলা স্টাফদের মধ্যে ডিএই/এনজিও যৌথকর্মকান্ডে বিকাশ ঘটানো। • জেলায় মানব সম্পদের ফলপ্রসু ব্যবস্থাপনা নিশ্চিত করা এবং তাদের কর্মসম্পাদন ও কর্মব্যবস্থাপনা যাচাই করা। • অনুমোদিত বাজেট সীমার মধ্যে জেলার ব্যয় নিয়ন্ত্রণ করা। সদর দপ্তরের প্রশাসন ও পরিকল্পনা উইং এর নিকট সময়মত মাসিক হিসাবের বিবরণী প্রেরণ করা।

প্রতিষ্ঠানের সেবাসমূহ

ক্রম	প্রকল্প/কর্মসূচীর নাম	আওতাধীন উপজেলা	কার্যক্রম
১	চাষি পর্যায়ে উন্নত মানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প	সকল উপজেলা	প্রদর্শনী স্থান, বীজ সংরক্ষণ, কৃষক প্রশিক্ষণ ও মাঠ দিবস অনুষ্ঠান
২	চাষি পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও পেঁয়াজ বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প	সকল উপজেলা	প্রদর্শনী স্থান, বীজ সংরক্ষণ, কৃষক প্রশিক্ষণ ও মাঠ দিবস অনুষ্ঠান
৩	পেঁয়াজ, রসুন, আদা, হলুদ ও মরিচ উৎপাদন সমন্বিত প্রকল্প	সকল উপজেলা	প্রদর্শনী স্থান কৃষক প্রশিক্ষণ
৪	ন্যাশনাল এগ্রিকালচার টেকনোলজি প্রকল্প	সকল উপজেলা	কৃষক প্রশিক্ষণ, কৃষি মেলা ও প্রদর্শনী স্থাপন
৫	আই সি এম (কৃষক মাঠ স্কুল)	সদর,চৌগাছা, মনিরামপুর	মাঠ স্কুলের মাধ্যমে কৃষক প্রশিক্ষণ
৬	কৃষি প্রকৌশল প্রযুক্তি সম্প্রসারণ এর মাধ্যমে গ্রামীন জনগোষ্ঠির কর্মসংস্থান প্রকল্প	সদর, মনিরামপুর	কৃষক প্রশিক্ষণ ও সেচনালা তৈরী
৭	ইউরিয়া সাশ্রয়ের লক্ষ্যে গুটি ইউরিয়া ব্যবহার কর্মসূচি	সকল উপজেলা	প্রদর্শনী স্থাপন ও কৃষক প্রশিক্ষণ
৮	লিফ কালার চার্ট ব্যবহারের মাধ্যমে ইউরিয়া সাশ্রয় কর্মসূচি	সকল উপজেলা	প্রদশর্নী স্থাপন ও কৃষক প্রশিক্ষণ

প্রতিষ্ঠান প্রধানের পদবী	উপ-পরিচালক
সেবা পেতে করণীয়	ব্লক পর্যায়ে আঞ্চলিক সহকারী কৃষি কর্মকর্তা (প্রতিটি ইউনিয়নে অফিস আছে) উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি অফিসার এবং জেলা পর্যায়ে উপ-পরিচালকসহ অন্যান্য জেলা পর্যায়ে কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে কৃষি বিষয়ক পরামর্শ গ্রহণ করা যায়।
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর। ফোন: ০৪২১-৬৮৮৬০

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রতিষ্ঠানের নাম	বাংলাদেশ কৃষি ব্যাংক, মূখ্য আঞ্চলিক কার্যালয়, যশোর।
ঠিকানা	ভোলা ট্যাংক রোড, যশোর
প্রতিষ্ঠানের ধরণ	ব্যাংক
প্রতিষ্ঠানের লক্ষ্য ও কার্যক্রম	ব্যাংকিং কার্যক্রম

প্রতিষ্ঠানের সেবাসমূহ	সেবামূল্য
ডি.ডি.টি.টি./এম.টি.ইস্যু	● কমিশন ০.১০% (সর্বম্নি ২০/-) ● পোস্টেজ - প্রকৃত খরচ (সর্বম্নি ১৫/-) ● টেলিগ্রাম - প্রকৃত খরচ (সর্বম্নি ৩০/-) ● টেলিফোন - প্রকৃত খরচ (সর্বম্নি ৫০/-)
পেমেন্টে অর্ডার ইস্যু	● ১০০০/- টাকা পর্যন্ত ২০/- ● লক্ষ টাকা পর্যন্ত ৩০/- ● লক্ষ টাকার উর্দ্ধে ৫ লক্ষ টাকার নিম্নে ৫০/- ● লক্ষ টাকা এবং তদুর্দ্ধ ৭৫/-
বিল সংগ্রহ (চেক/ক্লিন ডকুমেন্টারী বিল) ক) স্থানীয়	● কমিশন মুক্ত - যেখানে নিকাশ ঘর বিদ্যমান ● যেখানে নিকারশ ঘর নেই - প্রকৃত যাতায়াত খরচ ● বৈদেশিক রেমিটেন্স-এর ক্ষেত্রে কোন প্রকার চার্জ প্রযোজ্য নয়
খ) বাহির	● কমিশন ০.১৫% (সর্বনিম্ন ২৫/-, সর্বোচ্চ ১০০০/-) ● পোস্টেজ - প্রকৃত খরচ (সর্বনিম্ন ২০/-) ● টেলেক্স/টেলিগ্রাম - প্রকৃত খরচ (সর্বনিম্ন ৩০/-) ● টেলিফোন - প্রকৃত খরচ (সর্বনিম্ন ৫০/-)
ব্যাংক গ্যারান্টি ইস্যু	● প্রত্যেক কোয়ার্টারে ১.০০%, সর্বনিম্ন ১০০০/- ● ১০০% ক্যাম মার্জিনে সার্বিস চার্জ ১০০০/- (নির্ধারিত)
ডি.ডি./এম.টি./পি.ও. বাতিলকরণ	● ৫০০/- এর নিম্নে প্রত্যেক প্রকার ইন্সট্রুমেন্টের জন্য ২৫/- ● ৫০০/- এর উর্দ্ধে প্রত্যেক প্রকার ইন্সট্রুমেন্টের জন্য ৫০/-
ইনসিডেন্টাল চার্জসমূহ (সরকারি হিসাব ব্যতীত) ক) চলতি হিসাব (অর্ধ-বার্ষিক)	● ব্যক্তিগত হিসাব : ৫০/- ● বাণিজ্যিক হিসাব : ৫০/- (যদি স্থিতি ১০০০/- এর নিম্নে হয়)
খ) সঞ্চয়ী হিসাব	● ১ বছর যাবৎ কোন লেনদেন না হলে সার্ভিস চার্জ ৫০/- (১০ বছর বা তার উর্দ্ধে কোন লেনদেন না হলে উক্ত সার্ভিস চার্জ প্রযোজ্য নয়)
লেনদেনের জন্য স্থগিতাদেশ	● প্রতি মাসে ২৫/- প্রতিটি আদেশের জন্য (এস.পি.এস. হিসাবের ক্ষেত্রে ১০/-)

প্রতিষ্ঠানের সেবাসমূহ	সেবামূল্য
স্থানীয় বিলসমূহ/ক্রয়কৃত চেক (কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে)	● কমিশন ০.১৫% (সর্বনিম্ন ৪০/-) এবং সর্বোচ্চ ১০০০/-) ● পোস্টেজ - প্রকৃত খরচ (সর্বনিম্ন ১০/-) ● টেলিগ্রাম - প্রকৃত খরচ (সর্বনিম্ন ২৫/-) ● টেলিফোন - প্রকৃত খরচ (সর্বনিম্ন ৫০/-) ● টেলেক্স/ফ্যাক্স - প্রকৃত খরচ (সর্বনিম্ন ৩০/-)
বিল সংগ্রহ খ) বাহির	● টেলেক্স/টেলিগ্রাম - ৩০/-
হিসাব বন্ধের চার্জ	● চলতি হিসাব : ব্যক্তিগত হিসাব - ৩০০/- বাণিজ্যিক হিসাব - ৩০০/- ● সঞ্চয়ী হিসব : ২০০/-
ইনসিডেন্টাল চার্জ	● চলতি হিসাব : ব্যক্তিগত - ৫০/- বাণিজ্যিক - ১৫০/- (স্থিতি ১০০০/- এর নিম্নে)
এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর	● ৫০/- এবং এ.টি. কমিশন ও পোস্টেজ চার্জ

প্রতিষ্ঠান প্রধানের পদবী	ডি জি এম
সেবা পেতে করণীয়	সংশ্লিষ্ট বিষয়ে আবেদন দাখিল
সেবা সম্পর্কিত অভিযোগ জানানোর ঠিকানা	প্রশাসনিক কর্মকর্তা, ফোন: ০৪২১-৬৫৪২৭

মহিলা বিষয়ক অধিদপ্তর

প্রতিষ্ঠানের নাম	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ঠিকানা	ঘোপ সেন্ট্রাল রোড, যশোর
প্রতিষ্ঠানের ধরণ	সরকারি
প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য	সেবা প্রদান

প্রতিষ্ঠানের সেবাসমূহ

ক্রমিক নং	সেবার ধরণ	সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি	সেবার বিবরণ	সেবা প্রদানের স্থান	সেবা প্রদানের সময় সীমা
১।	ভিজিডি কার্যক্রম	দরিদ্র পীড়িত ও দুস্থ গ্রামীণ মহিলা	২৪ মাস মেয়াদী খাদ্য সাহায্য ও আত্মকর্মসংস্থানের জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। উপকারভোগীর সংখ্যা ১৪৫২৫ জন।	জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়	২৪ মাস
২।	দরিদ্র মা'র জন্য মাতৃত্ব কালীন ভাতা কর্মসূচি	পল্লী এলাকার দরিদ্র গর্ভবর্তী মা	প্রতি মাসে ৩৫০ টাকা হারে ২ বছর মেয়াদে ৯১ ইউনিয়নের ১৬৩৮ জন মহিলাকে ভাতা প্রদান করা হয়।	জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়	ঐ
৩।	মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ তহবিল	পল্লী অঞ্চলের দরিদ্র মহিলা	গ্রামীণ দরিদ্র ও নিম্ন আয়ের মহিলাদের আত্মকর্মসংস্থানের উদ্দেশ্যে পল্লী অঞ্চলের সমিতি মাধ্যমে ৫০০০/ থেকে ১৫,০০০/টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহীতার সংখ্যা ১৯৭১ জন।	মহিলা বিষয়ক কার্যালয়	আবেদনের তারিখ থেকে ১ মাস
৪।	কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা	দেশের চাকুরীজীবী মহিলা	যশোরে কর্মজীবী হোস্টেলের মাধ্যমে চাকুরীজীবী মহিলাদের নিরাপদ আবাসন সুবিধা প্রদান করা হয়।	মহিলা বিষয়ক অধিদপ্তর	আবেদনের তারিখ হতে ১মাস সিট খালি থাকা সাপেক্ষে
৬।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও পাচার রোধ	নির্যাতিত নারী ও শিশু	মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী নির্যাতন প্রতিরোধ কমিটি স্থানীয়ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের প্রেক্ষিতে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা করে।	জেলা/ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর	আবেদনের প্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়।

প্রতিষ্ঠানের সেবাসমূহ

ক্রমিক নং	সেবার ধরন	সেবা গ্রহণকারী সংস্থা/ব্যক্তি	সেবার বিবরণ	সেবা প্রদানের স্থান	সেবা প্রদানের সময় সীমা
৭।	স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন	সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সমিতি	উন্নয়ন কর্মসূচিকে আরো ব্যাপৃত এবং মহিলা জনগোষ্ঠীর মধ্যে সম্প্রসারণ করার লক্ষ্যে স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন সমূহের নিবন্ধন প্রদান করা।	জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মর্তার কার্যালয়	নিবন্ধনের শর্ত পূরণ সাপেক্ষে
৮।	সচেতনতা বৃদ্ধি এবং জেন্ডার সমতামূলক কার্যক্রম	দেশের সকল জনগোষ্ঠী	নারী উন্নয়ন ও জেন্ডার সমতা আনয়নে বিভিন্ন জন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ যেমনঃ- জাগরণী পদযাত্রা, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ, জন্ম নিবন্ধন ও বিবাহ নিবন্ধন উদ্বুদ্ধকরণ এইচআইভি (এইডস) প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিসহ নারী অধিকার রায় CEDAW সনদ বাস্তবায়নসহ বিভিন্ন দিবস পালন করা হয়। এ ছাড়া মহিলা উন্নয়ন সমন্বয় সভা সংক্রান্ত সার্বিক কার্যক্রম পরিচালনা,নিয়মিত প্রতিবেদন প্রস্তুত ও বিতরণ করা ।	জেলা/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়	বছর ব্যাপী ও দিবস অনুযায়ী

প্রতিষ্ঠান প্রধানের পদবী	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সেবা পেতে করণীয়	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ
